



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং বিঅ ৬/৬১৩৭/

তারিখ :


বিষয় : ম্যানেজিং কমিটি বাতিল ও এডহক কমিটি গঠনের অনুমতি।

সূত্র : তদন্ত কর্মকর্তার ১৪-০৮-২০১৯ তারিখের ০৫.০৯.০১০.৪৬.১৩.০১.০৩.২০১৯.৬১৪ নং স্মারক পত্রের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর এর তদন্ত প্রতিবেদন অনুযায়ী সকল সদস্যের স্বেচ্ছায় পদত্যাগের সত্যতা প্রমাণিত হওয়ায় এবং সভাপতি স্বেচ্ছায় চেয়ারম্যান মহোদয়, যশোর শিক্ষা বোর্ড, এর নিকট স্বশরীরে পদত্যাগ করায় প্রবিধান-২০০৯ এর ৩১ ধারা অনুযায়ী কো-অপ্ট করার কোন সুযোগ নাই। এমতাবস্থায় চলমান ম্যানেজিং কমিটি বাতিল করা হলো। আপনার বিদ্যালয়ে পরবর্তী নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হল। বিধি মোতাবেক এডহক কমিটি গঠনের লক্ষ্যে অভিভাবক প্রতিনিধি ও শিক্ষক প্রতিনিধির নাম এবং প্রয়োজনীয় ফিসসহ আবেদন ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে।

এডহক কমিটির সভাপতি বোর্ড কর্তৃক মনোনীত হবে


প্রধান শিক্ষক,
নারিকেলবাড়ীয়া সেবা সংঘ মাধ্যমিক বালিকা বিদ্যালয় (১১৫৫৭১)
ডাকঘর: নারিকেলবাড়ীয়া, উপজেলা: বাঘারপাড়া, জেলা : যশোর


(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০৪২১-৬৮৬২৭

স্মারক নং বিঅ ৬/৬১৩৭/ ১৩৩৩ (৬-৪)
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

তারিখ: - ২০/১০/১৯

- ১। জেলা শিক্ষা অফিসার, যশোর | প্রজ্ঞাপন- ২০০৯ এর ৩৯(১)(গ)(অ) উপধারা অনুসারে একজন শিক্ষক প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হল
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর | প্রজ্ঞাপন-২০০৯ এর ৩৯(১)(গ)(আ) উপধারা অনুসারে একজন অভিভাবক প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হল
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। সংরক্ষণ নথি।


বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
